

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭১৩(আগরতলা, ১৪।১১)

আমবাসা, ১৪ নভেম্বর, ২০১৭

**ধলাই জেলার ৪৬৯৯ জন কৃষককে শীতকালীন
সজী বীজ দেওয়ার উদ্যোগ**

ধলাই জেলায় সাম্প্রতিক বন্যায় ৪৬৯৯ জন কৃষকের ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের উদ্যোগে হাট মিশন স্কীমে সালেমা, দুর্গাচৌমুহনী, আমবাসা, মনু, ছামনু, ডম্বুরনগর ও রইস্যাবাড়ী ব্লক এলাকার ক্ষতিগ্রস্ত কৃষকদের মরিচ, বেগুন, টমেটো বাঁধাকপির উচ্চফলনশীল শীতকালীন সজী বীজ দেওয়া হবে। এতে ব্যয় হবে ২৮ লক্ষ ১৯ হাজার টাকা। ধলাই জেলার উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের আধিকারিক এ তথ্য জানিয়েছে।

।
